নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/৯২—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, নরসিংদী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নরসিংদী জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
১।	১০(১)(ঘ)	শিক্ষিকা	অধ্যাপিকা আইরিন পারভীন (নার্গিস), বিএ(সম্মান), এমএ এলএলবি, পিতা-আবদুর রহমান, ৯১/১, পশ্চিম ব্রাহ্মন্দী, নরসিংদী, স্থায়ী ঠিকানা-গ্রাম-হাসনাবাদ, রায়পুরা।	সদস্য
২।	১০(১)(ঙ)	সমাজসেবী	মোসাম্মদ তাহমিনা আক্তার লাইলী, স্বামী-মোঃ সাখাওয়াত হোসেন খোকা, ৪০নং দাসপাড়া, নরসিংদী, স্থায়ী ঠিকানা-গ্রাম-ঢালুয়ার চর, উপজেলা-পলাশ।	সদস্য

ক্রমিক নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
৩।	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মোসাম্মৎ রহিজা বেগম, স্বামী-আবি আব্দুল্লাহ, ৩৯/২৩ সাটিরপাড়া, নরসিংদী।	চেয়ারম্যান
৪।	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম নাছিমা সুলতানা, স্বামী-সৈয়দ নাজমুর ইসলাম, গ্রাম-ছোটাবন্দ, উপজেলা-শিবপুর।	সদস্য
৫।	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম তৌহিদা সরকার রুনা, স্বামী-মৃত রাব্বিল মিয়া, পশ্চিম দত্তপাড়া, নরসিংদী।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ৩নং ক্রমিকের মোসাম্মৎ রহিজা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাসিনা আক্তার খানম
সহকারী সচিব।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১২ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ মে ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৬.১৫-১৬৫—যেহেতু শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িক ভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে গত ৩১-০১-২০১২ তারিখের ৩৫.০২২.০০৮.০০.০০.০০৮.২০১১-৫৬ সংখ্যক স্মারকমূলে Queensland University of Technology, Australia-তে পি.এইচ.ডি. প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত গত ২২-০২-২০১২ তারিখ হতে ০৯-০৩-২০১৫ তারিখ পর্যন্ত ০৩ বছর ১৫ দিনের প্রেষণ মঞ্জুর করা হয়;

যেহেতু তিনি পরবর্তিতে মঞ্জুরীকৃত প্রেষণাদেশ ১০-০৩-২০১৫ তারিখ হতে আরও ০২(দুই) বছর বর্ধিতকরণের জন্য ১১-০১-২০১৫ তারিখ আবেদন করেন। কিন্তু তাঁর অনুকূলে ইতোপূর্বে গত ৩০-১০-২০০০ তারিখের সপ্র/১টি-২১/২০০০/৫৮ সংখ্যক স্মারকমূলে Research Training & M. Phil in Highway Engineering at the University of Birmingham প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য গত ০১-১১-২০০০ তারিখ হতে ৩০-১১-২০০২ তারিখ পর্যন্ত ০২ বছর ০১ মাস প্রেষণ মঞ্জুর করা হয়েছিল। এতে তাঁর অনুকূলে মঞ্জুরকৃত প্রেষণের সময়কাল সর্বমোট (০২ বছর ০১ মাস+০৩ বছর ১৫ দিন)=০৫ বছর ০১ মাস ১৫ দিন হয়। এ প্রেক্ষাপটে প্রার্থীত অতিরিক্ত প্রেষণাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪-০২-২০১০ তারিখের ০৫.২০২.০২২.০০.০০.০৮০.৯২-৫১(৫০) সংখ্যক পরিপত্রের পরিপন্থি হওয়ায় তাঁর আবেদনটি মঞ্জুর না করে তাঁকে ১০-০২-২০১৫ তারিখ দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু প্রেষণাদেশ (Deputation) ১০-০৩-২০১৫ তারিখ হতে ০২(দুই) বছর বর্ধিতকরণের জন্য গত ১৬-০২-২০১৫ তারিখে পুনরায় আবেদন করলে তা বিধিসম্মত না হওয়ায় না-মঞ্জুর করে তাঁকে ২৬-০৪-২০১৫ তারিখের মধ্যে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের জন্য পুনরায় ০৯-০৪-২০১৫ তারিখ নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তিতে তিনি গত ২২-০৪-২০১৫ তারিখ একই কারণ দেখিয়ে ০২(দুই) বছর সময় বর্ধিতকরণের জন্য আবেদন করেন, যা বিধিসম্মত না হওয়ায় বিবেচনায় নেয়া হয়নি;

যেহেতু তাঁর অনুকূলে মঞ্জুরকৃত প্রেষণ মেয়াদ গত ৯-৩-২০১৫ তারিখ শেষ হওয়ার পর কাজে যোগদানের জন্য একাধিকবার নির্দেশনা দেয়া সত্ত্বেও ১০-০৩-২০১৫ তারিখ থেকে অদ্যাবধি কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু এ পরিস্থিতিতে গত ২৬-০৭-২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৪১.২০০৯-৫৭৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গত ২৬-০৪-২০১৫ তারিখ হতে তাঁকে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উক্তরূপ কার্যকলাপের জন্য তাঁকে একই বিধিমালার ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ২৬-২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী অভিযুক্ত করে কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ১৩-০৮-২০১৫ তারিখে রেজিস্টার্ড/এডি সহযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করত: তা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং তিনি ০৭-০৯-২০১৫ তারিখ জবাব দাখিল করেন, কিন্তু শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেননি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রদত্ত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব মনীন্দ্র কিশোর মজুমদার, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৮-০১-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৬-০১-২০১৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু তিনি বিদেশ থেকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক তাঁকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, শেখ মোহাম্মদ শফিকুল আলম (০০৫০০৬), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১০-০৩-২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, এন, ছিদ্দিক
সচিব।

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা

আদেশ

তারিখ, ১৪ আষাঢ় ১৪২৩/২৮ জুন ২০১৬

নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.১৭৫.১১(অংশ-১)-১৩২—যেহেতু, জনাব নূর আহম্মদ হোসেন, অতিঃ সিএমই/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (চঃদাঃ) (প্রাক্তন ডিএমই/ লোকো/চট্টগ্রাম) কর্তৃক ২০০৯ সালে দরপত্রের প্রাক্কলন তৈরিতে অনিয়মের অভিযোগে দায়েরকৃত বিভাগীয় মামলা নং ১৫০, তারিখ ১৩-০৭-২০১১ এর তদন্ত কর্মকর্তা জনাব মুহাম্মদ আকবর হোসাইন (যুগ্মসচিব), রেলপথ মন্ত্রণালয় কর্তৃক বিষয়টি তদন্ত করার জন্য অভিযুক্ত কর্মকর্তাকে বিধি- মোতাবেক পর পর তিনবার ব্যক্তিগত শুনানীর জন্য রেজিস্ট্রি ডাকযোগে পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি তদন্ত কর্মকর্তার সম্মুখে উপস্থিত হননি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত নোটিশ (ন্যায় সংগত আদেশ) কে অগ্রাহ্য করে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত না হওয়ার অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct)-এর অভিযোগে বিভাগীয় মামলা নং ২৩৮ তারিখ: ২৪-১২-২০১৫খ্রি. রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়।

২। যেহেতু, জনাব নূর আহম্মদ হোসেন, বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর (চঃদাঃ) কর্তৃক ১৮-১-২০১৬ তারিখ অভিযোগনামার জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করা হলে গত ১৪-২-২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলা নং ১৫০ তারিখ ১৩-৭-২০১১ এর ২য় ও ৩য় নোটিশ যথাযথভাবে জারি করেছেন মর্মে জানান। তবে, তদন্তে সাক্ষ্য গ্রহণের প্রয়োজনে রেজিস্ট্রি ডাকযোগে অভিযুক্ত কর্মকর্তার নিকট যে ৩টি নোটিশ প্রেরণ ও জারী করা হয়েছে মর্মে সরকার পক্ষ কর্তৃক যে তথ্য উপস্থাপন করা হয়েছে তার অকাট্য প্রমাণ হিসেবে রেজিস্ট্রি ডাকের প্রাপ্তি স্বীকার রসিদ, সরকার পক্ষে উপস্থাপন করতে পারেনি। অর্থাৎ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক নোটিশ ইস্যু হলেও জারি হয়েছে এরূপ নিশ্চয়তা পাওয়া যায়নি। ফলে অকাট্য দালিলিক প্রমাণের অভাবে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ২য় ও ৩য় নোটিশ না পাওয়া সংক্রান্ত বক্তব্যই প্রাসংগিক বলে প্রতীয়মান হয়। পক্ষান্তরে অভিযুক্ত কর্মকর্তা যেহেতু ১ম নোটিশ পেয়েছেন, তিনি ২য় ও ৩য় নোটিশও পেয়েছিলেন বিষয়টি অনুমানভিত্তিক। শুধুমাত্র অনুমান বা ধারণার উপর ভিত্তি করে কারও বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা কিংবা তার ভিত্তিতে শাস্তি প্রদান ন্যায় বিচারের পরিপন্থী।

৪। যেহেতু, জনাব নূর আহম্মদ হোসেন, বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর (চঃদাঃ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় সার্বিক বিবেচনান্তে প্রতীয়মান হয় যে, অকাট্য দালিলিক প্রমাণের অভাব, অভিযুক্ত কর্মকর্তার নোটিশ অগ্রাহ্যকরণের মাধ্যমে অসদাচরণ জনিত অপরাধ সংঘটন ও বিভাগীয় মামলাটি পরিচালনার মত উপযুক্ত কারণ বিদ্যমান নেই।

৫। সেহেতু, রেকর্ডপত্রাদি পর্যালোচনা, সরকার পক্ষ এবং আত্মপক্ষ সমর্থনে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও লিখিত জবাব; এবং তদন্ত কর্মকর্তার বক্তব্য পর্যালোচনাক্রমে তার বিরুদ্ধে আনীত অভিযোগ পরিচালনার জন্য যথেষ্ট কারণ না থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(এ) উপবিধি মোতাবেক জনাব নূর আহম্মদ হোসেনকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। ভবিষ্যতে তাকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন
সচিব।

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-৭ (কলেজ-২)

অফিস আদেশ

তারিখ, ৮ আষাঢ় ১৪২৩/২২ জুন ২০১৬

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৫.১৬-৫৩২—যেহেতু, জনাব মোহাম্মদ এনামুল হক, প্রভাষক (ইসলামী শিক্ষা), সরকারি বঙ্গবন্ধু কলেজ, রুপসা, খুলনা এর বিরুদ্ধে থানার মামলা নং-২৮ তারিখ ১৬-৬-২০১৫ ধারা ১৪৩/১৪৭/১৪৯/১৫২/১৫৩/১৮৬/৩৫৩/৩০৭/৪২৭/৫১১/ ১০৯ বাংলাদেশ দন্ড বিধি তৎসহ ১৯৭৪ সালে বিশেষ ক্ষমতা আইনের ১৫/২৫ (ঘ) দায়ের হয়। উক্ত দুটি মামলায় তিনি

গ্রেফতার হয়ে যথাক্রমে ১৭-৬-২০১৫ তারিখ থেকে ২৮-৭-২০১৫ তারিখ পর্যন্ত এবং ২৭-১১-২০১৫ থেকে ২৪-১-২০১৬ তারিখ পর্যন্ত কারাবরণ করেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট থেকে উভয় মামলায় জামিনপ্রাপ্ত হয়ে যথাক্রমে ২৯-৭-২০১৫ তারিখ এবং ২৫-১-২০১৬ তারিখে কর্তব্য কাজে যোগদান করেন। বর্তমানে মামলা দুটি বিচারাধীন আছে। তিনি ফৌজদারী মামলার এজাহারভুক্ত আসামী হিসেবে গ্রেফতার হয়ে জেলহাজতে প্রেরণ করা হয়েছে মর্মে মাউশি অধিদপ্তর জানিয়েছেন;

যেহেতু, জনাব মোহাম্মদ এনামুল হককে, বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII)S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৭-৬-২০১৫ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব মোহাম্মদ এনামুল হক, প্রভাষক (ইসলামী শিক্ষা), সরকারি বঙ্গবন্ধু কলেজ, রুপসা, খুলনাকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII)S-১২৩/৭৮১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১৭-৬-২০১৫ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন;

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সোহরাব হোসাইন
সচিব।

অধিশাখা-১৮

প্রজ্ঞাপন

তারিখ, ৮ আষাঢ় ১৪২৩/২২ জুন ২০১৬

নং শিম/শাঃ ১৮/১ঢা বি-১৪/৯৮/২১০—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১৩(১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. নাসরীন আহমেদ, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকাকে নিম্নোক্ত শর্তে উক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে নিয়োগ প্রদান করেছেন:

(ক) প্রো-ভাইস-চ্যান্সেলর হিসাবে তার নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) প্রো-ভাইস-চ্যান্সেলর হিসাবে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন এবং প্রো-ভাইস-চ্যান্সেলর পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন;

(ঘ) এ নিয়োগ তার যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

শাহনাজ সামাদ
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা

আদেশ

তারিখ, ১০ জ্যৈষ্ঠ ১৪২৩/২৪ মে ২০১৬

নং প্রাগম/তঃশৃঃ/বিমা-০৫/২০১৬-৩৮২—যেহেতু জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরনের অভিযোগে গত ২৭ মার্চ, ২০১৬ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৫/২০১৬-৩৪৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও নথিপত্র পর্যালোচনায় জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১(এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) ৩ বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, তাকে (জনাব মোঃ মাছুম বিল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার, সদর, বরগুনা) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১(এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) ৩ বছরের জন্য স্থগিত করা হল। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ হুমায়ুন খালিদ
সচিব।

সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা

আদেশ

তারিখ, ৩০ জ্যৈষ্ঠ ১৪২৩/১৩ জুন ২০১৬

নং ৪১.০০০০.০০.০৩৬.২৭.০৯৫.১৬.৭১—যেহেতু জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ এর পূর্ববর্তী কর্মস্থল শহর সমাজসেবা কার্যক্রম, মৌলভীবাজারে কর্মরত থাকা অবস্থায় ক্ষুদ্রঋণ তহবিলের ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করেন মর্মে অবহিত করেন, পরবর্তীতে বিতরণকৃত অর্থ আদায় না হওয়ার কারণ উদঘাটনের জন্য জনাব মোঃ আবু তাহের, উপপরিচালক (কার্যক্রম-২) সমাজসেবা অধিদফতর, সদর কার্যালয় ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদনে- জনাব মোঃ শফিকুল ইসলাম কর্তৃক শহর সমাজসেবা কার্যক্রম, মৌলভীবাজারে কর্মরত থাকা অবস্থায় ক্ষুদ্রঋণ তহবিলের ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা বিতরণের সময় বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন, যেমন-পরিবার জরিপ ছাড়া ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণের স্কিম ফরম ও আবেদনপত্রে ঋণ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষর, ঋণ গ্রহীতার সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকতার সনদপত্র, মোবাইল নম্বর না থাকা, কর্মদল গঠন, দলীয় সঞ্চয় গ্রহণ ও অবহিতকরণ সভা না করা, ঋণ বিতরণ কার্যক্রমে পৌর সমাজকর্মীদের সম্পৃক্ত না করা উল্লেখযোগ্য; এবং

যেহেতু, অজ্ঞাত কারণে ৩টি চেকে ৮,৩০,০০০/- (আট লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যাংক থেকে নিজে গ্রহণ করে পরবর্তীতে উক্ত অর্থ রেজিস্টারে বিতরণ দেখিয়েছেন কিন্তু ঋণ আদায় করতে গিয়ে মাঠ পর্যায়ে কোনো ঋণ গ্রহীতাকে খুজে পাওয়া যায়নি। তদন্তকালে জনাব মোঃ শফিকুল ইসলামকে উপপরিচালক মৌলভীবাজার বার বার অনুরোধ করা সত্ত্বেও তিনি উপস্থিত হননি মর্মে মতামত প্রতিবেদনে উল্লেখ করেন; এবং

যেহেতু, তার এহেন উদাসীনতা, শৈথিল্যতা, অব্যবস্থাপনা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৩(বি) মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য; এবং

যেহেতু, উক্তরূপ 'অসদাচরণ'-এর কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-১১(১) অনুসারে জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, দিরাই, সুনামগঞ্জকে চাকরি হতে 'সাময়িক বরখাস্ত' করা হলো।

২। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা (subsistence allowance) প্রাপ্য হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. চৌধুরী মোঃ বাবুল হাসান
সচিব।

প্রতিষ্ঠান অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ জুন ২০১৬

নং ৪১.০০.০০০০.০৫৭.৬১.০৬১.১৬-১৩২—অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ১৩ তম সভার গৃহীত (সিদ্ধান্ত-৪) অনুযায়ী (Rehabilitation Council of Bangladesh) প্রতিষ্ঠার নিমিত্ত প্রয়োজনীয় আইনের খসড়া প্রণয়নকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাপকম/অটিজম-০৩/২০১৬/৪১, তারিখ ১৪-৩-২০১৬ মূলে গঠিত কমিটির কার্যপরিধির ক্রমিক-৩ অনুযায়ী নিম্নোক্ত সদস্যগণকে কো-অপ্ট করা হলো।

সদস্যবৃন্দ

১ চেয়ারপার্সন, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট' (NDD), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা।

২ মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও-এর প্রতিনিধি।

৩ ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ (যুগ্মসচিব), পরিচালক (প্রশাঃ ও অর্থ), প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।

৪ উপসচিব (প্রতিবন্ধী বিষয়ক অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫ উপসচিব (আইন ও সংস্থা অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

রওশন আরা বেগম
উপসচিব
ও
সদস্য সচিব।

শিল্প মন্ত্রণালয়
স্বস-বিসিআইসি-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জুন ২০১৬

নং ৩৬.০০.০০০০.০৬২.০৬.০২০.১৬.৩৪৫—প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৬-৬-২০১৬ তারিখের ০৩.০৭৯.০১৬.৪৪.০০.০২.২০১৪-৪০১ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে বিগত ২৬ মে ২০১৬ তারিখ ১৯.২০ ঘটিকায় সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলায় অবস্থিত শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (এসএফসিএল)-এ অগ্নিকান্ডের ঘটনা তদন্তপূর্বক কারণ উদঘাটন, দায়-দায়িত্ব নির্ধারণ ও ভবিষ্যতে এধরণের ঘটনা রোধকল্পে সুপারিশ প্রণয়নের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি তদন্ত কমিটি গঠন করা হল:

আহ্বায়ক

ক জনাব মুহম্মদ জিয়াউর রহমান
অতিরিক্ত সচিব (অডিট), শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

খ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

গ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

ঘ বিদ্যুৎ বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)

ঙ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রতিনিধি (পরিচালক পর্যায়ের কর্মকর্তা)

সদস্য-সচিব

চ জনাব মোঃ মাহবুব-উল-আলম, উপসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়

২। **কমিটির কার্যপরিধিঃ**

(১) গত ২৬-৫-২০১৬ তারিখে শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (এসএফসিএল)-এ অগ্নিকান্ডের কারণ উদঘাটন ও ক্ষয়ক্ষতি নিরূপন;

(২) অগ্নিকান্ডের জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীদের চিহ্নিতকরণ এবং দায়-দায়িত্ব নির্ধারণ;

(৩) ভবিষ্যতে এ ধরণের দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

৩। কমিটি প্রয়োজনে অন্য কাউকে কো-অপ্ট করতে পারবে।

৪। কমিটি প্রজ্ঞাপন জারীর ০৩ (তিন) সপ্তাহের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

৫। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব-উল-আলম
উপসচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আইন-৩ অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৩ আষাঢ় ১৪২৩/২৭ জুন ২০১৬

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৬.৩৮২—চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানার মামলা নম্বর-১৭, তারিখ ২১-৩-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩) এর ৯(১) ধারা মামলার আসামীগণ রাঙ্গুনিয়া থানাধীন সরফভাটা ইউপির ইত্যাদি নামক মোড়ে নিষিদ্ধ সংগঠনের সমর্থনে জঙ্গী

তৎপরতার সাথে সম্পৃক্ত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৬.৩৮৩—শরীয়তপুর জেলার পালং থানার মামলা নম্বর-১৭, তারিখ ৩১-৮-২০১০ খ্রি: সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩) এর ৮/৯/১০/১২/১৩ ধারা মামলার আসামীগণ ধর্মের নামে প্রচারের আড়ালে রাষ্ট্রের ক্ষতিসহ বিভিন্ন ধরণের নাশকতামূলক কর্মকান্ড ঘটানো ও ষড়যন্ত্রমূলক অপরাধ কর্মকান্ড পরিচালনা ও নিষিদ্ধ সংগঠনের সমর্থন করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে অবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১৫ আষাঢ় ১৪২৩/২৯ জুন ২০১৬

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪.৩৮৪—ডিএমপি, ঢাকার চকবাজার থানার মামলা নম্বর-১৯, তারিখ ২৫-১০-২০১৫ খ্রি: সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩) এর ৬(২) এর (ক) (খ) (গ) (ঘ) (ঙ) ধারা মামলার আসামীগণ চকবাজার মডেল থানাধীন হোসাইনি দালাল ইমামবাড়ীর পাঠাগার এবং হোসাইনি দালাল ইমামবাড়ী ভবনের প্রাঙ্গন ও আশপাশ এলাকা শান্তিপূর্ণ লোক মিছিলে বোমা বিস্ফোরক ঘটিয়ে শোক মিছিল থেকে বিরত রাখা, জননিরাপত্তা বিঘ্নিত করা, ঐতিহ্যবাহী ইমামবাড়ী ধ্বংসের প্রচেষ্টা চালানোসহ প্রাণহানী ঘটানো ও শতাধিক ব্যক্তিকে জখম করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমানিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে অবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৩৮৫—ডিএমপি, ঢাকার খিলগাঁও থানার মামলা নম্বর-২৬, তারিখ ২৩-১০-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২) ও (সংশোধনী/ ২০১৩) এর ৮/৯/১০ ধারা মামলার আসামীগণ খিলখাঁও থানাধীন খিলগাঁও বটতলা বাইতুল ফালাহ জামে মসজিদ এর পশ্চিম পাশে দক্ষিণ দিকের গেইট এর রাস্তার উপর নিষিদ্ধ সংগঠনের সদস্যপদ হয়ে সমর্থন করাসহ ষড়যন্ত্র করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৩৮৬—সিএমপি, চট্টগ্রাম হালিশহর থানার মামলা নম্বর-১৪, তারিখ ২০-১১-২০১৫ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী/২০১৩) এর ৬(২) উপ-ধারা (১) এর দফা (ক) এর উপদফা (উ)/৭/১০/১৩ ধারা মামলার আসামীগণ হালিশহর থানাধীন আই ব্লক, লেইন-৪, রোড-১ (খালপাড়) বাসা নং-৩১ জনৈক সৌদি প্রবাসী আব্দুল্লাহ জাফর এর বাড়ীর ৩য় তলা ভাড়া করা বাসায় সন্ত্রাসী কার্য সম্পাদনের চেষ্টা ষড়যন্ত্র ও প্ররোচনা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৫.১৬-৩৮৭—সিএমপি, চট্টগ্রাম এর পাঁচলাইশ থানার মামলা নং-১০, তারিখ ০৫-১২-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১৩ ধারায় মামলার আসামীগণ পাঁচলাইশ থানাধীন বহদ্দার হাট কাঁচাবাজার সংলগ্ন রাস্তার পশ্চিম পার্শ্বে বহদ্দার জামে মসজিদের দক্ষিণ পাশের গেইটের সামনে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সদস্য হয়ে সন্ত্রাসী কর্মকান্ড প্রসারের উদ্দেশ্যে সরকারের বিরুদ্ধে ভ্রান্তিমূলক তথ্য সম্বলিত প্রচারপত্র তথা লিফলেট মুদ্রণ এবং প্রচারের অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এফ এম তৌহিদুল আলম
সহকারী সচিব।

কারা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৩/২৯ জুন ২০১৬

নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৫-৩১১—পবিত্র ঈদ-উল-ফিতর, ২০১৬ উপলক্ষে মুক্তিযোগ্য কয়েদীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ৫(পাঁচ) জন কয়েদীর অবশিষ্ট কারাদন্ড ও জরিমানা দণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) মওকুফ করেছে ঃ

ক্রমিক নং	কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স	কারাগারের নাম
(১)	কয়েদী নং-৩২৬০/এ, আবুল কালাম সবুজ, পিতা-আবদুর ছোবহান, বয়স-৩৮ বছর।	নোয়াখালী জেলা কারাগার
(২)	কয়েদী নং-২৮৬১/এ, মোঃ আবুল কালাম আজাদ, পিতা মোঃ রেজাউল করিম, বয়স-২৫ বছর।	চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগার
(৩)	কয়েদী নং-৫০৩০/এ, মোঃ শাহ আলম, পিতা-শফিকুল ইসলাম, বয়স-২৬ বছর।	শেরপুর জেলা কারাগার
(৪)	কয়েদী নং-৫০৬/এ, মোঃ মাসুদ রানা, পিতা মোঃ জালাল উদ্দিন, বয়স-২৫ বছর।	রাজশাহী কেন্দ্রীয় কারাগার
(৫)	কয়েদী নং-১৭৭৩/এ, মোঃ জিয়ারুল, পিতা মোঃ নায়েব আলী, বয়স-৩৮ বছর।	বগুড়া জেলা কারাগার

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদস্য অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী
সহকারী সচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃংখলা-১ শাখা

আদেশাবলী

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ/০৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১২-৪৩১—যেহেতু ডাঃ অরুনাভ ভট্টাচার্য্য (৩৭১৩১), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর হবিগঞ্জ গত ০১-০৮-২০০৭খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ০৪-০৪-২০১২খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১২-৩৩৪নং স্মারকে ১ম কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ১১-১০-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১২-৬৭৫ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয় বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২৪-০৩-২০১৬ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০১৯.২০১৬-৯৬নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ৩০-০৫-২০১৬ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪ (এ) ধারা মোতাবেক ডাঃ অরুনাভ ভট্টাচার্য (৩৭১৩১), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর হবিগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৮-২০০৭খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৫-৪৩৩—যেহেতু ডাঃ মোঃ শফিকুর রহমান (৪১৫০৩), জুনিয়র কনসালটেন্ট চক্ষু, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টঙ্গীবাড়ী, মুন্সিগঞ্জ গত ২২-০৪-২০১৫খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৭-০৭-২০১৫খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১. ২০১৫-৪৪৬নং স্মারকে ১ম কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিদেন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২৯-১১-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৫-৭৩৪নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয় বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৪-০৪-২০১৬ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০১৬.২০১৬-১০৩ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ৩০-০৫-২০১৬ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ শফিকুর রহমান (৪১৫০৩), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টঙ্গীবাড়ী, মুন্সিগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২২-০৪-২০১৫খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/২৯ জুন ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৬-৫০১—যেহেতু ডাঃ উৎপল চৌধুরী (৪৩০৮২), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহকে বতসোয়ানায় "Medical specialist (Paediatrics)" হিসেবে চাকুরির নিমিত্ত মন্ত্রণালয়ের ১১-০২-২০১০ তারিখের পার-৪/লিয়েন-৪/২০১০-৪৬নং স্মারকে ১ (এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ১৫-০২-২০১০ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন এবং ছুটি ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৬-০৯-২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৫-০২-২০১৫খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ উৎপল চৌধুরী (৪৩০৮২), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (শিশু), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৫-০২-২০১৫খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশ

তারিখ: ৩০ জুন ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৯.২০১৫-৫০৮—যেহেতু ডাঃ মোঃ মোশাররফ হোসেন (৪১৪৯৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে

অনুপস্থিতি' এর দায়ে ১০-০১-২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৯.২০১৫-০৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০২-০৬-২০১৬ তারিখের ৪৫.১৪৪.০১৯.০০.০০.০২৩.২০১৩-৪৪৫নং প্রজ্ঞাপনে তাকে পুনরায় সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), হিসেবে ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা ঢাকায় পদায়ন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মোশাররফ হোসেন (৪১৪৯৩), সিনিয়র কনসালটেন্ট (সার্জারী), ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মুগদা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশাবলী

তারিখ: ৮ জুন ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৬-৪৪১—যেহেতু ডাঃ মোছাঃ হোসনে আরা নার্গিস (১৩১০৪৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৭-০৪-২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৬-২৬৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৩১-০৬-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোছাঃ হোসনে আরা নার্গিস (১৩১০৪৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ: ২৮ জুন ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৬-৪৯৯—যেহেতু ডাঃ নিলুফার জাহান (৩০৭৫৪), প্রাক্তন ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২২-০৫-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৬-৩৮৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২-০৬-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জনান যে, তার একমাত্র কন্যা সেরিব্রেল পলসি আক্রান্ত হওয়ায় জটিল অর্থোপেডিক সমস্যার সৃষ্টি হয়েছে তৎজন্য যে ব্যায়বহুল ও দীর্ঘ মেয়াদী জরুরী চিকিৎসা প্রয়োজন তা শুধুমাত্র বিদেশে অবস্থানের সুযোগ পাবার কারণে তার পক্ষে করা সম্ভব হয়েছে। একটি শিশুর স্বাভাবিক জীবনে প্রত্যাবর্তনের আশায় মা হিসাবে তার করণীয় বিশেষভাবে গুরুত্বপূর্ণ ছিল। এ বিষয়ে মানবিক বিবেচনা লাভের জন্য অনুরোধ জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ নিলুফার জাহান (৩০৭৫৪), প্রাক্তন ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০৩-১১-২০১৫খ্রিঃ তারিখ হতে ১২-০৪-২০১৬ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

বিমান কুমার সাহা এনডিসি
অতিরিক্ত সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা

আদেশ

তারিখ, ০৭ আষাঢ়, ১৪২৩/২১ জুন ২০১৬

নং ৪৬.০৮৩.০১৫.০৩.০০.০০১.২০১১-৬৭৬—আদিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের ১৫-০৯-২০০৯ তারিখের স্থাসবি/পাস-১/ নীতি-০১/২০০৫/৮৯৩ নং সরকারি আদেশের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে নতুন সৃষ্টিকৃত ৩৬৩ (তিনশত তেষট্টি) টি পদের মধ্যে নিম্নবর্ণিত ১৭৬ (একশত ছিয়াত্তর) টি পদ এবং ৭৭ (সাতাত্তর) টি আউটর্সোসিং পদ সংরক্ষণের মেয়াদ ০১-০৬-২০১৩ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে এবং ০১-০৬-২০১৫ হতে ৩১-০৫-২০১৬ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

(ক) জনবল ঃ

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ সংখ্যা	বেতন স্কেল
(১)	সিনিয়র সহকারী প্রকৌশলী	৭০(সত্তর)টি)	৩৫৫০০—৬৭০১০
(২)	লিগ্যাল অফিসার	১(এক)টি	২৯০০০—৬৩৪১০
(৩)	সহকারী প্রকৌশলী	৯৬ (ছিয়ানব্বই) টি	২২০০০—৫০৫৩০

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ সংখ্যা	বেতন স্কেল
(৪)	অডিটর	১(এক)টি	১১০০০—২৬৫৯০
(৫)	ইলেকট্রিশিয়ান	১(এক)টি	৯৩০০—২১৪১০
(৬)	নলকূপ মেকানিক/মেকানিক	৭(সাত)টি	৮৮০০—২০২৯০

মোট ১৭৬ (একশত ছিয়াত্তর) টি

(খ) আউট সোর্সিং পদ ঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা
(৭)	ড্রাইভার	৪০(চল্লিশ)টি
(৮)	মেশিন অপারেটর	৩(তিন)টি
(৯)	প্লাম্বার	১(এক)টি
(১০)	লিফ্টম্যান	১(এক)টি
(১১)	ক্লিনার/ল্যাব ক্লিনার	৪(চার)টি
(১২)	অফিস সহায়ক (এম, এল, এস, এস)	২০(বিশ)টি
(১৩)	গার্ড/চৌকিদার	৮(আট)টি

মোট ৭৭ (সাতাত্তর) টি

২। এ বাবদ যাবতীয় ব্যয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট মঞ্জুরী নং ৩২ এর অধীন জেলা কোট নং ৩-৩৭০০-৩৭৪১-৩৭৪৩-৩৭৪৫ এ জনস্বাস্থ্য স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ খাত হতে মিটানো হবে;

৩। এ আদেশ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১/১১১ নং স্মারকের মাধ্যমে প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হল এবং স্থানীয় সরকার বিভাগের ১৫-০৯-২০০৯ তারিখের স্থাসবি/পাস-১/নীতি-০১/২০০৫/ ৮৯৩ নং স্মারকের শর্ত বলবত থাকবে;

৪। এ পদসমূহ সংরক্ষণাদেশ জারীকৃত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

মোঃ খাইরুল ইসলাম
উপসচিব।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ০১ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/১৫ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৭.০২৩.০২২.৬১.০০.১২১.২০১৩-১৯২—সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩)-এর ৪নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:-এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত উক্ত আইনের ১৮(৭) ধারা এবং উক্ত ধারার শর্তাংশে উল্লিখিত শর্ত প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে এককালীন অব্যাহতি প্রদান করিল:

শর্তসমূহঃ

(ক) রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:-এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি দৈনন্দিন কার্যাদি সম্পাদনের বাইরেও সমিতির উপ-আইন অনুযায়ী অন্যান্য কার্যাদি সম্পাদন করিত পারিবে;

(খ) রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:-এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির ক্ষেত্রে একই আইনের ১৮(৬) ধারায় উল্লিখিত মেয়াদকাল বলিতে আগামী ১৬-০৫-২০১৬ তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর বুঝাইবে এবং

(গ) যদি হাইকোর্টে মামলার কারণে নির্বাচনে বাধা না থাকে অথবা ইতিমধ্যে হাইকোর্ট নির্বাচনের অনুমোদন দিলে রংপুর কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:-এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি এই বর্ধিত মেয়াদকালের মধ্যে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নির্বাচন সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক নির্বাচন সম্পন্ন করিয়া নির্বাচিত নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাহ্‌রিন সুলতানা
সহকারী সচিব।